

৩৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা
www.moestab.gov.bd

নং-০৫, ১৭০, ০২২, ০৭, ০৮, ০৬৮, ২০১০-১৫০

তারিখ : ২২ বৈশাখ, ১৪১৭ বঙ্গাব্দ
০৫ মে, ২০১০ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয় : সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বাসিত/আধা-স্বায়ত্ত্বাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও দণ্ডের সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিশেষ কোটা (মুক্তিযোদ্ধা, মহিলা ও উপজাতীয়) পদ্ধতির সংশোধন।

সরকার উল্লিখিত বিষয়ে পূর্বের সিদ্ধান্তসমূহের আংশিক সংশোধন করিয়া নিয়ে বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

- ১। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বাসিত/আধা-স্বায়ত্ত্বাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও দণ্ডের ১ম ও ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিভিন্ন জেলার বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা ৩০%, মহিলা ১০% ও উপজাতীয় ৫%) শূন্য পদসমূহ প্রথমে জনসংখ্যাভিত্তিক জেলা কোটা অনুযায়ী উপযুক্ত প্রার্থীদের দ্বারা পূরণ করিতে হইবে। জেলা কোটার সকল পদ সংশ্লিষ্ট জেলার প্রার্থীদের দ্বারা পূরণ করা স্বত্ব না হইলে শূন্য ৭ দসমূহ সংশ্লিষ্ট কোটার জাতীয় মেধাতালিকা হইতে পূরণ করিতে হইবে।
- ২। বিভিন্ন জেলার বিশেষ কোটার অধীন বিতরণকৃত পদসংখ্যা। স্বল্পতার কারণে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হন নাই, নিয়োগ পরীক্ষায় উন্নীত এরপ বিশেষ কোটার প্রার্থীদের নিয়ে বিশেষ কোটাভিত্তিক অর্থাৎ মুক্তিযোদ্ধা, মহিলা ও উপজাতীয়দের জন্য পৃথক পৃথকভাবে জাতীয়ভিত্তিক মেধাতালিকা প্রয়োগ করিতে হইবে। অতঃপর বিশেষ কোটার অধীন কোন জেলার বিতরণকৃত পদের সংখ্যা হইতে যোগ্য প্রার্থীর সংখ্যা কম হইলে উক্ত বিশেষ কোটার অপূর্ণ পদসমূহ জাতীয়ভিত্তিক স্ব বিশেষ কোটার অর্থাৎ মুক্তিযোদ্ধা, মহিলা ও উপজাতীয়দের জন্য প্রণীত উল্লিখিত জাতীয় মেধাতালিকা হইতে পূরণ করিতে হইবে।
- ৩। কোটা সংক্রান্ত অন্যান্য বিধিবিধানসমূহ অপরিবর্তিত থাকিবে।
- ৪। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হইবে।

(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
- ৪। মহা-হিসাব নিরিক্ষক ও নিয়ন্ত্রক, সিএলএজি'র কার্যালয়, ৪৩ নং: শাকরাইল সড়ক, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান ইন্দ্র, ঢাকা।
- ৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও(পানবাটী গেজেটে প্রকাশের জন্য), ঢাকা।
- ৭। সিনিয়র সিটেমস এনালিষ্ট, পিএসিসি, সংস্থাপন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। সংস্থাপন মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর, পরিদপ্তর, দপ্তর, অফিস, সংস্থা ও প্রশিক্ষণ প্রতিগাম।